



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০  
ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা অধিশাখা  
[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

### বই ক্রয়ের তালিকা আহ্বান বিজ্ঞপ্তি

মহান মুক্তিযুদ্ধের চেতনা সারাদেশে ছড়িয়ে দিতে এবং নতুন প্রজন্মের মাঝে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠান ও লাইব্রেরিতে বিনামূল্যে বই বিতরণ করা হয়। চলতি (২০২৩-২৪) অর্থবছরে মুক্তিযুদ্ধভিত্তিক ও বঙ্গবন্ধুর উপর রচিত দেশি ও বিদেশি পুস্তক ক্রয়ের লক্ষ্যে প্রকাশক, প্রকাশনা প্রতিষ্ঠান, লেখক/সম্পাদকগণের কাছ থেকে প্রকাশিত বইয়ের নমুনা কপিসহ তালিকা সম্বলিত আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত ছক অনুযায়ী তালিকায় সর্বোচ্চ ২৫ টি বই অন্তর্ভুক্ত করা যাবে। আগামী ১১ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত তালিকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে (কক্ষ নং- ৭০৯, ৭ম তলা, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০) জমা দিতে হবে।

#### বইয়ের ছক

ক্রমিক নং	বইয়ের শিরোনাম	লেখক/ সম্পাদক	প্রকাশক	সংস্করণ	পৃষ্ঠা	ISBN	মুদ্রিত মূল্য	কমিশন (%)	কমিশন বাদে মূল্য

#### শর্তাবলীঃ

- ১। বইয়ের তালিকা উপরে প্রদত্ত ছক অনুযায়ী বাংলায় লেখাগুলো অবশ্যই ইউনিকোড (Nikosh) ফন্টে হতে হবে এবং তালিকার একটি সফট কপি [dshis@molwa.gov.bd](mailto:dshis@molwa.gov.bd) এবং [reza104du@gmail.com](mailto:reza104du@gmail.com) ই-মেইলে অবশ্যই প্রেরণ করতে হবে;
- ২। ছকে প্রদত্ত তথ্যসমূহ সঠিকভাবে উপস্থাপন করতে হবে। কোনোক্রমেই ছক পরিবর্তন করা যাবে না;
- ৩। কপিরাইট আইনের পরিপন্থি, পাইরেটেড বা বিতর্কিত কোনো বই তালিকায় থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে বাছাই তালিকা থেকে বাদ দেয়া হবে এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৪। প্রকাশক কর্তৃক প্রদত্ত তালিকার সাথে প্রকাশকের হালনাগাদ ড্রেড লাইসেন্স ও আয়কর প্রত্যয়ন পত্রের ফটোকপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়ন করে দিতে হবে;
- ৫। প্রতিটি বইয়ের লেখক/সম্পাদকের একটি সংক্ষিপ্ত পরিচিতি তালিকার সাথে জমা দিতে হবে;
- ৬। তালিকার সাথে উল্লিখিত কমিশন বাদে মূল্য চূড়ান্ত হিসেবে গণ্য হবে;
- ৭। নির্ধারিত সময়ের পর আবেদন গ্রহণযোগ্য নয় এবং
- ৮। বই নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শবনম মুন্সারী রিজ্ঞা  
উপসচিব

ফোন: ২২৩৩৫৮৪৪২

ই-মেইল: [dshis@molwa.gov.bd](mailto:dshis@molwa.gov.bd)